গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের জানুয়ারি, ২০২১ হতে মে, ২০২১ পর্যন্ত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | বেগম মন্নুজান সুফিয়ান, এমপি<br>প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| **সভার স্থান** | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ ও অনলাইনে সংযুক্ত। |
| **সভার তারিখ** | : | ০৮/০৬/২০২১ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো। | | |

২। **উপস্থাপনাঃ**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতে প্রতিমন্ত্রী মহোদয় চলমান কোভিড-১৯ পরিস্থিতির মধ্যেও মন্ত্রনালয়ের সকল উন্নয়ন কার্যক্রম চলমান থাকায় সকলকে কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় স্বাগত বক্তব্যে বলেন যে, কোভিড-১৯ ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ফেব্রুয়ারি ২০২১ হতে কোন এডিপি সভা অনুষ্ঠিত না হলেও PIC ও PSC সভা যথাসময়ে সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন যে, চলমান অবকাঠামো উন্নয়নমূলক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম অব্যাহতভাবে চলমান রাখার জন্য কর্মকৌশল নির্ধারন করা জরুরী। এছাড়া, চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন।

৩। **আলোচনাঃ**

সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচী অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন। সভায় জানুয়ারি ২০২১-তে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণীর উপর কারো কোন মন্তব্য না থাকায় এটি দৃঢ়ীকরণ করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ২০২০-২১ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ১১টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৮টি বিনিয়োগ ও ০৩টি কারিগরী সহায়তা প্রকল্প)। ২০২০-২১ অর্থ বছরের এডিপি-তে চলমান প্রকল্পের অনুকূলে মোট ২১০৪৩.০০ লক্ষ (জিওবি ১৩২৪৫.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৭৭৯৮.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। এডিপি বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ব্যয় হয়েছে ৫৭৩৭.৪৬ লক্ষ (জিওবি ২৬০৬.৮৬ লক্ষ ও প্রকল্প সাহায্য ৩১৩০.৬০ লক্ষ) টাকা, যা বরাদ্দের ২৭.২৭ % (জিওবি ১৯.৬৯% ও প্রকল্প সাহায্য ৪০.১৫%)। উল্লেখ্য, ডিসেম্বর ২০২০ পর্যন্ত এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় গড় ব্যয় ২৩%। জানুয়ারি, ২০২০ পর্যন্ত অর্থছাড় হয়েছে ৭২৬৩.৭৪ লক্ষ (জিওবি ৪১৫৭.১৪ লক্ষ ও প্রকল্প সাহায্য ৩১০৬.৬০ লক্ষ) টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়নের লক্ষ্যে সমাপ্ত ০১ টি প্রকল্পসহ চলমান মোট ১০টি প্রকল্পের বিপরীতে মোট ১৮৪৮০.০০ (জিওবি ১০৭৮২.০০ ও পিএ ৭৬৯৮.০০) লক্ষ টাকার বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ১০৩৩১.০৭ লক্ষ (জিওবি ৪৬৬৯.৩২ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৬৬১.৭৫ লক্ষ) টাকা, যা বরাদ্দের ৫৫.৯০% (জিওবি ৪৩.৩০% ও প্রকল্প সাহায্য ৭৩.৫৪%)। উল্লেখ্য যে, অর্থ বিভাগের বাজেট পরিপত্র অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের মোট আরএডিপি বরাদ্দের জিওবি অংশের ১৫% সংরক্ষিত রেখে অনূর্ধ্ব ৮৫% ব্যয় এর নির্দেশনার প্রেক্ষিতে আরএডিপি বরাদ্দ নির্ধারণ করা হয়েছে।

৪। **প্রকল্পভিত্তিক পর্যালোচনাঃ**

পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পসমূহের উপর ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| **ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরঃ** | | | |
| ৪.১ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ শীর্ষক প্রকল্প। | সভায় জানানো হয় যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি ২১৯৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ১৪০৫.৭১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বরাদ্দের বিপরীতে প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৪.০১%। প্রকল্পটির মে, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮১.৭৫ লক্ষ টাকা (আর্থিক: ৩৪% এবং ভৌত: ৫৫%)। | ক) মূলভবনের পাইল টেস্ট প্রতিবেদন আগামী ৩০/০৬/২০২১ এর মধ্যে সংগ্রহপূর্বক পর্যালোচনার জন্য |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | মেয়াদঃ সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত। | প্রকল্পের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে,<br><br>মূলভবনের ড্রইং ডিজাইন এপ্রিল, ২০২০ এ প্রেরণ করা হয়েছে। তবে মাল্টিপারপাস হলরুমের ইনটেরিওর ডিজাইন, অন্যান্য ভবনসমূহের পানি সরবরাহ ও নিষ্কাশন ব্যবস্থার নকশা, ফায়ার প্রটেকশন ও ডিটেকশন ব্যবস্থার নকশা, ইলেকট্রিক লোড ক্যালকুলেশনের নকশা দ্রুততম সময়ের মধ্যে সরবরাহ করা হবে মর্মে সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধি সভা-কে অবহিত করেন।<br><br>তিনি আরো বলেন যে, একাডেমিক ভবনটির ৪র্থ তলা হতে ৫ম তলা পর্যন্ত উর্দ্ধমুখী সম্প্রসারণসহ প্রকল্প সংশোধন প্রস্তাব করা হয়। সংশোধন প্রস্তাবের প্রেক্ষিতে গত ২৩/১২/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে RDPP দ্রুত এ মন্ত্রনালয়ে প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয় ।<br><br>প্রকল্প পরিচালক আরো জানান যে, ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে, একাডেমিক ভবনের ক্ষেত্রে ২০১৮ সালের পিডাব্লিউডি রেট সিডিউল অনুযায়ী ৫ তলা ভিত্তিসহ ৫ তলা পর্যন্ত নির্মানের ব্যয় প্রাক্কলন করে ডিপিপি-তে অন্তর্ভুক্ত করা হয়েছে। সে অনুযায়ী সেনাকল্যাণ সংস্থার সাথে নির্মানচুক্তি হয়। যেহেতু পাঁচ তলার প্রাক্কলিত ব্যয় SKS এর সাথে নির্মান চুক্তি হয়েছে সেহেতু একাডেমিক ভবনের ৪ তলা থেকে ৫ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ এবং তার জন্য অতিরিক্ত ব্যয় প্রাক্কলন যথাযত নয় বরং চুক্তিমূল্যেই ৫ তলা পর্যন্ত নির্মান হওয়া যৌক্তিক। অন্যদিকে SKS হতে উক্ত ভবনের চার তলা নকশা প্রণয়ন করা হয় এবং পাইলিং এর পর রেট্রোফিটিং এর মাধ্যমে পাইলের শক্তি বৃদ্ধি করা হয়। এজন্য ভবনটির ভিত্তি কত তলার তা জানার জন্য কারিগরি প্রতিবেদন পাওয়া প্রয়োজন। মূলভবনের পাইল টেস্ট করার জন্য ইতোমধ্যেই SKS কর্তৃক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ২১ দিনের মধ্যে পাইল টেস্ট প্রতিবেদন পাওয়া যাবে। উল্লেখ্য, প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করে ডিপিপি পুনর্গঠনের ব্যাপারে সভায় একমত পোষণ করা হয়। | PIC/PSC-তে উপস্থাপন করতে হবে।<br><br>খ) প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বৃদ্ধিসহ পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ** মহাপরিদর্শক, DIFE/ প্রকল্প পরিচালক। |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪.২ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে ১৩ টি জেলা কার্যালয় নির্মাণ প্রকল্প।<br><br>মেয়াদঃ জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। | প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৬৩৩.৮৫ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপিতে ৭৮৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ১৪৩.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ১৮.২৬%। প্রকল্পটির মে, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৪৩.৫৭ লক্ষ টাকা (আর্থিক: ০.০১%, ভৌত ০.৫%)। প্রকল্পটি ডিসেম্বর ২০২১-এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় নির্মান কাজের গুনগতমান বজায় রেখে এবং বাজেট বরাদ্দের বাস্তবতা বিবেচনায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি এবং সংশোধনের প্রয়োজন। মেয়াদ বৃদ্ধি এবং সংশোধনের জন্য প্রকল্প মেয়াদ সমাপ্ত হওয়ার ৩ মাস পূর্বে সংশোধন প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।<br><br>প্রকল্প পরিচালক সভাকে আরো জানান যে, ডিপিপি'র প্রভিশনাল সংশোধনে পরিকল্পনা কমিশনের গত ০৮/০২/২০২১ তারিখের সম্মতির প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক গত ১৪/০২/২০২১ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। বর্তমানে অন্যান্য সম্ভাব্য সংশোধনের পর্যালোচনা ও সমীক্ষা করা হচ্ছে। আগামী আগস্ট ২০২১ এর মধ্যে মেয়াদ বৃদ্ধিসহ অন্যান্য সম্ভাব্য সংশোধনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>সভায় জানানো হয় যে, শ্রম অধিদপ্তরের নিজস্ব জায়গায় DIFE কর্তৃক নির্মিতব্য ভবন যৌথ ব্যবহারের কর্মপন্থা নির্ধারণের জন্য কর্মশালাটি কোভিড পরিস্থিতির কারণে অনুষ্ঠিত হয়নি। তবে সম্প্রতি প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং প্রকল্প স্টিয়ারিং কমিটিতে এ সংশ্লিষ্ট বিষয়াদি আলোচনা হয়েছে। এছাড়া, সকল জেলায় শ্রম অধিদপ্তরের প্রস্তাবিত ভূমি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়েছে এবং ডিজিটাল জরিপ সম্পন্ন হয়েছে। বর্তমানে সকল জেলায় পরিদর্শন কার্যক্রম চলমান আছে। কোভিড পরিস্থিতি বর্তমান মাত্রায় না থাকলে জুন, ২০২১ এর মধ্যে সংশ্লিষ্ট কর্মশালাটি আয়োজন করা যাবে। | ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধনী প্রস্তাব প্রকল্প মেয়াদ সমাপ্ত হওয়ার ৩ মাস পূর্বে এ মন্ত্রণালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ** মহাপরিদর্শক, DIFE/ প্রকল্প পরিচালক। |
| ৪.৩ | রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ (কারেক্টিভ একশন প্লান) বাস্তবায়ন প্রকল্প।<br><br>মেয়াদঃ জুলাই ২০১৮ হতে জুন ২০২১ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি-তে ৭০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে মে, ২০২০ পর্যন্ত ৫০৮.৬৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৭২.৬৬%। মে, ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ৮৬১.৩০ লক্ষ টাকা।<br><br>সভায় প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব গত ০২/০৬/২০২১ তারিখে মন্ত্রণালয় হতে আইএমইডি-তে প্রেরণ করা হয়। আইএমইডি-তে যোগাযোগ অব্যাহত রাখা এবং বর্ধিত মেয়াদে প্রকল্পের কাজ সমাপ্ত করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে এ প্রকল্পের সাথে সামঞ্জস্যপূর্ণ নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালক-কে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>প্রকল্প পরিচালক সভাকে আরো জানান যে, প্রকল্পের আওতায় কার্যকর ৭৪৫ টি রেডিমেড গার্মেন্টস সমূহের বৈদ্যুতিক, অগ্নি ও কাঠামোগত ঝুঁকির দুরীকরণে কারখানা পরিদর্শন করে সুপারিশ প্রদান করা হচ্ছে। ৩৫,৩১৬ টি আরএমজি কারখানার Non-Compliance ইস্যুর মধ্যে ৪৪% কারখানার ঝুঁকি হ্রাস করা হয়েছে। | ক) প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ও প্রয়োজনীয় সংশোধনীর জন্য আইএমইডি-তে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) এ প্রকল্পের সাথে সামঞ্জস্যপূর্ণ নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ** প্রকল্প পরিচালক। |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪.৪ | নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ।<br><br>মেয়াদঃ জুলাই ২০১৯ হতে জুন ২০২১ পর্যন্ত। | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি-তে ১৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ৮৬১.৩০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৬৬.২৫%। প্রকল্পটির মে, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮৬১.৩০ লক্ষ টাকা।<br><br>প্রকল্প পরিচালক সভাকে অভহিত করেন যে, প্রকল্পটির মেয়াদ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে এক (০১) বছর বৃদ্ধির প্রস্তাব গত ২৯/০৫/২০২১ তারিখে আইএমইডি-তে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় (কেমিকেল ১৪৭, প্লাস্টিক ২৯৮, আরএমজি কারখানা ৬৪৬) সহ মোট ১১০১টি কারখানা এসেসমেন্ট সম্পন্ন করা হবে। ইতোমধ্যে ৩০৪টি কারখানা এসেসমেন্ট সম্পন্ন করা হয়েছে। নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও ঢাকা জেলার আরএমজি কারখানার এসেসমেন্টের নিমিত্তে পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের জন্য পুনরায় আহবানকৃত দরপত্রের RFP ডকুমেন্টসমূহ পর্যালোচনা করা হচ্ছে। | ক) প্রকল্পটির মেয়াদ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে এক (০১) বছর বৃদ্ধি ও প্রয়োজনীয় সংশোধনীর জন্য আইএমইডি-তে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) প্রকল্প সুষ্ঠুভাবে সমাপ্তের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ** প্রকল্প পরিচালক |
| ৪.৫ | Gender Equality and Women's Empowerment at work place প্রকল্প।<br>মেয়াদঃ ০১/০৭/২০১৭-৩০/১২/২০২০ পর্যন্ত। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৪৮.৪৪ (পিএ ৪৮৮.৪৪ জিওবি ৬০.৪৩) লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ আছে ৫২.০০ (পিএ-৪০.০০, জিওবি-১২.০০) লক্ষ টাকা। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ৪৭.২১ (জিওবি ১০.৬১ ও পিএ ৩৬.৬০) লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৯০.৭৮%। প্রকল্পটির ডিসেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৩০৪.৮৫ লক্ষ টাকা। উল্লেখ্য, প্রকল্পটির উন্নয়ন সহযোগী ইউএনএফপিএ কর্তৃক প্রতিশ্রুত প্রকল্প সাহায্য ৪৮৮.৪৪ লক্ষ টাকা এর বিপরীতে প্রকল্প মেয়াদে মাত্র ২৪৬. ৫৯ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করে। ফলে প্রকল্প দলিল অনুযায়ী বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা অসম্পূর্ণ রেখে প্রকল্পটি নির্ধারিত মেয়াদে (ডিসেম্বর, ২০২০) সমাপ্ত হয়েছে। আইএমইডি-তে প্রেরিত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন এর উপর আইএমইডি কর্তৃক প্রদত্ত মতামতের আলোকে পুনর্গঠিত পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | ক) আইএমইডি কর্তৃক প্রদত্ত মতামতের আলোকে পুনর্গঠিত পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ** মহাপরিদর্শক, DIFE/ প্রক্তন প্রকল্প পরিচালক। |
| **খ) শ্রম অধিদপ্তরঃ** | | | |
| ৪.৬ | শ্রম পরিদপ্তরাধীন বিদ্যমান ০৬টি জেলা কার্যালয় পুনঃনির্মাণ ও আধুনিকায়ন প্রকল্প<br><br>মেয়াদঃ ০১ এপ্রিল ২০১৭ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৮৩৯.০০ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি-তে ১৭৮৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। এ বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ৯৯৭.৪৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি বরাদ্দের ৫৫.৪১%। প্রকল্পটির মে, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪১০২.০৯ লক্ষ টাকা (আর্থিক: ৭১.৪১%, ভৌত: ৯১%)।<br><br>প্রকল্পের নারায়নগঞ্জ চাষাড়া অংশের লিফট এর কাজ চলমান রয়েছে, টেকনিক্যাল কমিটির রির্পোট সংগ্রহপূর্বক প্রয়োজনীয় সংশোধন এবং বগুড়ায় প্রকল্প এলাকায় জলাবদ্ধতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য, বাঘেরহাটের মংলা প্রকল্প এলাকা এবং অন্যান্য সমাপ্ত ভবনসমূহ শ্রম অধিদপ্তর কর্তৃক সরজমিনে পরিদর্শনের নির্দেশনা প্রদান করা হয়। সভায় জানানো হয় যে, নাসিরাবাদ চট্টগ্রাম, চাষাড়া, নারায়ণগঞ্জ ও বাগেরহাট অংশের কাজ জুন, ২০২১-এ সমাপ্ত হবে। এছাড়া, বগুড়া, গাইবান্ধা ও রুপসা, খুলনা অংশের নির্মান কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্প সংশোধনের প্রস্তাব গত ১৫/০৪/২০২১ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে গত ১৮/০৫/২০২১ তারিখে আরডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সমাপ্ত ভবনসমূহ দাপ্তরিকভাবে গ্রহণের জন্য মহাপরিচালক, শ্রম অধিদপ্তর-কে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) আরডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) সমাপ্ত ভবনসমূহ শ্রম অধিদপ্তর কর্তৃক সরজমিনে পরিদর্শনসহ দাপ্তরিকভাবে বুঝে নেওয়ার কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ** মহাপরিচালক, শ্রম অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪.৭ | দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন ও কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাঘরায় একটি বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প।<br><br>মেয়াদঃ<br>০১ এপ্রিল ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত। | প্রকল্প পরিচালক প্রকল্পের আর্থিক অগ্রগতি সম্পর্কে জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৫,৯৩.০০ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি-তে ৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। এ বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ৪.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি বরাদ্দের ১.৬৫%। প্রকল্পটির মে, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯৩২.৭৬ লক্ষ টাকা (আর্থিক: ৭০.২৩% ও ভৌত: ৯০%)।<br><br>সভায় জানানো হয় যে, পরিকল্পনা কমিশনের গত ২১/০১/২০২১ তারিখের পত্রের প্রেক্ষিতে গত ১০/০২/২০২১ তারিখে এ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সংশোধনের সরকারি আদেশ জারি করা হয়েছে এবং গত ০৫/০৫/২০২১ তারিখে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বৃদ্ধির এ মন্ত্রণালয়ের প্রস্তাবের প্রেক্ষিতে আইএমইডি কর্তৃক গত ০২/০৬/২০২১ তারিখে সম্মতি প্রদান করা হয়েছে। গত ২৩/০৮/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক পুন:গঠিত ডিপিপি গত ২১/১০/২০২০ খ্রি. তারিখে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের নির্মান কাজ সরেজমিনে পরিদর্শন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্পের কাজের গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে নির্মান সমাপ্ত করতে হবে<br>খ) প্রকল্প এলাকার নির্মান কাজ সরজমিনে পরিদর্শন করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ**<br>প্রকল্প পরিচালক |
| ৪.৮ | নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুর ঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার চিকিৎসা কেন্দ্র সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মাণ প্রকল্প<br><br>মেয়াদঃ<br>০১ এপ্রিল ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৫০৭.২৩ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপিতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ৬৯৬.১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ২৩.২১%। প্রকল্পটির মে, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮২৭৭.৬৯ লক্ষ টাকা (আর্থিক: ৭২.০৩%, ভৌত: ৮৭%)।<br><br>প্রকল্প পরিচালক জানান যে, নির্মানাধীন শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন ও হোস্টেল ব্যবহার সংক্রান্ত নীতিমালার খসড়া ইতোমধ্যে প্রণীত হয়েছে। নারায়নগঞ্জ বন্দরে নির্মানাধীন ভবনের লিফটের গুনগতমান যাচাইয়ের জন্য গঠিত টেকনিক্যাল কমিটির গত ০১/০২/২০২১ তারিখের প্রতিবেদনে সুপারিশের প্রেক্ষিতে গত ০৪/০২/২০২১ তারিখে মন্ত্রনালয় হতে লিফট গ্রহণের বিষয়ে পত্র প্রেরণ করা হয়। সংশোধিত ডিপিপি'র বিষয়ে পরিকল্পনা কমিশনে গত ০৫/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি গত ১২/০৪/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন ও হোস্টেল ব্যবহার সংক্রান্ত নীতিমালা চূড়ান্ত করতে হবে।<br>খ) আরডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ**<br>মহাপরিচালক, শ্রম অধিদপ্তর ও প্রকল্প পরিচালক। |
| **গ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ঃ** | | | |
| ৪.৯ | Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in the Bangladesh Ready-Made Garment Industry.<br>মেয়াদঃ<br>০১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি-তে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ৬৯৩.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৫৭.৮২%। প্রকল্পটির মে, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৫৬৯.৯ লক্ষ টাকা। সভায় প্রকল্পের Project Advisory Committee এর মিটিং অনুষ্ঠিত হবে। এছাড়া, অতিরিক্ত অর্থায়ন ও মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের প্রেক্ষিতে প্রকল্পের প্রয়োজনীয় সংশোধনের জন্য RTPP দ্রুত মন্ত্রনালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) নিয়মিত Project Advisory Committee এর সভা আহবান করতে হবে।<br>খ) প্রকল্প সংশোধন প্রস্তাব দ্রুত মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ**<br>আইও উইং ও আইএলও |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪.১০ | Improving Working Conditions in the Ready-Made Garment Sector– RMGP (Phase -2)<br>মেয়াদঃ ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৪৩,২০.১২ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি ৬৪৫৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে মে, ২০২০ পর্যন্ত ৪৯৩১.২৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৭৬.৩৫%। প্রকল্পটির মে, ২০২১ ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৬৪৬৭.৩৮ লক্ষ টাকা। | ক) নিয়মিত Project Advisory Committee এর সভা আহবান করতে হবে।<br>**বাস্তবায়নেঃ**<br>আইও উইং ও আইএলও |
| ৪.১১ | বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প।<br><br>মেয়াদঃ জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে আরএডিপি-তে ৭০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে মে, ২০২১ পর্যন্ত ৪০.৯২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি বরাদ্দের ৫.৮৪%। প্রকল্পটির মে, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ১৭১.৯২ লক্ষ টাকা (আর্থিক: ০.৬০%, ভৌত: ৫%)।<br>প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের জনবল নিয়োগ সংক্রান্ত মামলা নম্বর ১৫৮৪২/২০১৮ এর প্রেক্ষিতে গত ০৪/১২/২০১৯ তারিখে রিটকারীদের পক্ষে রায় প্রদান করা হয়। আইন মন্ত্রণালয়ের মতামতের ভিত্তিতে আপীল করার জন্য ফেব্রুয়ারি ২০২১ এ আইনজীবী নিয়োগ করা হয় এবং গত ২২/০৩/২০২১ তারিখে লিভ-টু-আপীল (৮৪৯/২০২১) দায়ের করা হয়। কোভিড-১৯ পরিস্থিতির কারণে মামলার শুনানি এখনো সম্ভব হয়নি মর্মে আইনজীবী জানিয়েছেন। তিনি আরো জানান, প্রকল্পের সেবাক্রয় প্রস্তাবে বিধিমোতাবেক সম্মতি প্রদানের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি-তে গত ১৪/০৪/২০২১ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে মন্ত্রীপরিষদ বিভাগের চাহিত তথ্যাদি সংযুক্তপূর্বক সার-সংক্ষেপ স্বাক্ষরপূর্বক গত ০৬/০৬/২০২১ তারিখে ক্রয় প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের মূল কার্যক্রম ১ লক্ষ শিশুকে উপানুষ্ঠানিক শিক্ষা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সেবাক্রয় কার্যক্রম চলমান রয়েছে এবং এনজিও নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়েছে। এছাড়া, প্রকল্পের জনবল নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে দায়েরকৃত রীট মামলার বিরুদ্ধে আইন মন্ত্রনালয়ের মতামতের আলোকে আপীল কার্যক্রম শুরু করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, ইতোমধ্যে মন্ত্রণালয়ের আইন শাখা হতে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের সংশ্লিষ্ট আইনজীবী-কে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | ক) প্রকল্পের সেবাক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করে শিশুশ্রমিকদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।<br><br>খ) জনবল নিয়োগ সংক্রান্ত মামলার দ্রুত নিষ্পত্তির জন্য আইনজীবীর সাথে নিয়োমিত যোগাযোগ রক্ষা করতে হবে।<br><br>**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ**<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক |

৫। **বিবিধ:**

| ক্রনং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | ২০২০-২১ অর্থ বছরে RADP-তে প্রস্তাবিত নতুন প্রকল্প।<br>**ক) শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ০৩ (তিন) টি অননুমোদিত নতুন বিনিয়োগ প্রকল্প:**<br>• টংগী শ্রম কল্যাণ কেন্দ্র বহুবিধ সুবিধাসহ মাল্টিপারপাস শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প ।<br>• শ্রম অধিদপ্তরাধীন খুলনা ও বরিশালে ০২ (দুই) টি বহুতল আধুনিক শ্রম ভবন নির্মাণ প্রকল্প।<br>• বঙ্গবন্ধু জাতীয় শ্রম উন্নয়ন ইনস্টিটিউট প্রকল্প। | ক) "টংগীস্থ শ্রম কল্যাণ কেন্দ্রের পুনঃনির্মাণ ও আধুনিকীকরণ" শীর্ষক সম্ভাব্যতা যাচাই করে জনবলের প্রস্তাবসহ ডিপিপি মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) অন্যান্য প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

| ক্রনং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | **খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ০১ টি অননুমোদিত নতুন বিনিয়োগ প্রকল্প:**<br>• লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) শীর্ষক প্রকল্প। | সিদ্ধান্ত বাস্তবায়নেঃ শ্রম অধিদপ্তর।<br><br>খ) লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>সিদ্ধান্ত বাস্তবায়নেঃ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| ২। | Employment Injury Protection scheme for the Workes in Textile and Leather Industries প্রকল্প<br><br>আলোচনাঃ<br>গত জুন ২০২০ তারিখে প্রকল্পটি সমাপ্ত হয়েছে। তবে অর্থায়নকারী প্রতিষ্ঠান GIZ কর্তৃক প্রকল্পটি ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদবৃদ্ধিসহ অতিরিক্ত অর্থায়নের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ইআরডি কর্তৃক খসড়া MoU ও ProDoc প্রেরণের অনুরোধ করা হয়েছে। | ক) আলোচ্য প্রকল্পের মেয়াদবৃদ্ধিসহ অতিরিক্ত অর্থায়নের ক্ষেত্রে খসড়া MoU ও ProDoc এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ** DIFE |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৬/২০২০

(বেগম মন্নুজান সুফিয়ান, এমপি)
প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।